গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, রেলপথ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................... ৩

প্রস্তাবনা ........................................................................................................................... ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ....................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ......................................................................................... ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................................... ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .............................. ২২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

বাংলাদেশ রেলওয়েকে আধুনিক, যুগোপযোগী যোগাযোগ মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান মহাজোট সরকার সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে। রূপকল্প'২০২১ (Vision 2021) বাস্তবায়নের লক্ষ্যে এবং একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় বর্তমান সরকার ২০০৯ সালে দায়িত্ব গ্রহণের পর রেলওয়ের সামগ্রিক উন্নয়নের জন্য রেলপথ মন্ত্রণালয় গঠনসহ রেল যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের কাজ অব্যাহত রেখেছে। বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন প্রকল্পের আওতায় ১৮৮ কি: মি: নতুন রেললাইন নির্মাণ, ১৫২ কি: মি: রেললাইন পুনর্বাসন, ৫২০০.৮৭ কি:মি: রেলপথ রক্ষণাবেক্ষণ, ৬২৮ টি রেলসেতু রক্ষণাবেক্ষণ, ৩৭ টি লোকোমোটিভ (বিজি/এমজি) সংগ্রহ, ১৭৬২ টি ক্যারেজ পুনর্বাসন, ৪৬৬ টি ওয়াগন সংগ্রহ, ২৩২৪টি ওয়াগন পুনর্বাসন ও ৪১ টি রেল স্টেশন আধুনিকায়ন করা হয়েছে। ৪৪ টি স্টেশনের সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ণ করা হয়েছে। এছাড়াও ৯৮ টি নতুন ট্রেন চালু করা হয়েছে এবং ১ টি নতুন সেকশন ও ২ টি বন্ধ সেকশন চালু করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

যাত্রী ও মালামাল পরিবহনের সক্ষমতা বৃদ্ধি, ভ্রমণ সময় হ্রাসকরণ, রাজস্ব আয় বৃদ্ধিকরণ, প্রয়োজন অনুযায়ী নতুন রেলপথ নির্মাণ এবং গুরুত্বপূর্ণ করিডোরগুলো ডাবল লাইনে উন্নীতকরণ সংক্রান্ত বিষয়সমূহ রেলওয়ের উন্নয়নের ক্ষেত্রে রেলপথ মন্ত্রণালয়ের প্রধান চ্যালেঞ্জ। তাছাড়া, চাহিদার তুলনায় কোচ ও লোকোমোটিভ এর স্বল্পতা রয়েছে । গেজ ইউনিফিকেশন না থাকায় দেশের দু'অঞ্চলের মধ্যে সরাসরি ট্রেন পরিচালনা করতে না পারাও রেলওয়ের অন্যতম সমস্যা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশের সকল জেলাকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে ৮৫৬.২৫ কি: মি: নতুন রেল লাইন নির্মাণ করা হবে। গুরুত্বপূর্ণ রেলপথ করিডোরগুলো ডাবল লাইনে উন্নীত করার জন্য ১১১০.৫০ কি: মি: ডুয়েলগেজ ডাবল লাইন নির্মাণ করা হবে। দেশের সকল রেলপথকে গেজ ইউনিফিকেশন এর আওতায় আনয়ন করে আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থার প্রবর্তন করার পরিকল্পনা রয়েছে। বাংলাদেশ রেলওয়ের আয় বৃদ্ধির জন্য কন্টেইনার পরিবহন বৃদ্ধির পদক্ষেপ নেয়া হবে। চাহিদা অনুযায়ী ট্রেন পরিচালনার জন্য ১০০ টি নতুন লোকোমোটিভ, ১১২০ টি যাত্রীবাহী কোচ, ১ টি সিমুলেটর ও ৪ টি রিলিফ ক্রেণ সংগ্রহ করা হবে। এছাড়া ৬২৪ টি কোচ পুনর্বাসন এবং ৮১ টি স্টেশনের সিগন্যালিং ব্যবস্থা আধুনিকায়ন করা হবে। নতুন জনবল সৃজন এবং দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে। রেলপথ এবং রোলিংস্টকসমূহ রক্ষণাবেক্ষণের জন্য পর্যায়ক্রমে যান্ত্রিক পদ্ধতির প্রয়োগ ও ইলেক্ট্রিক ট্রাকশন ব্যবস্থা প্রবর্তনসহ দ্রুতগতিসম্পন্ন ট্রেন চালু করার পরিকল্পনা রয়েছে ।

**২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বাংলাদেশ রেলওয়ের ৪৫কি: মি: নতুন রেললাইন নির্মাণ
- ১৯ কি: মি: রেললাইন পুনর্বাসন
- ২৫২০ কি:মি: রেলপথ রক্ষণাবেক্ষণ
- ৬০ টি নতুন রেলসেতু নির্মাণ ও ২২ টি রেলসেতু পুন:নির্মাণ
- ১১ টি স্টেশনের সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ণ
- ১৫১ টি বিজি ও এমজি যাত্রীবাহী কোচ সংগ্রহ
- ৬০০ টি ক্যারেজ, ৫০০ টি লোকোমোটিভ ও ৭১০ টি ওয়াগন রক্ষণাবেক্ষণ এবং
- বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ২৩.২৫ লক্ষ মে.টন মালামাল ও ৭.০৫ কোটি যাত্রী পরিবহন।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রেলপথ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, রেলপথ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

একটি নিরাপদ, সাশ্রয়ী, আধুনিক ও পরিবেশবান্ধব রেলওয়ে পরিবহন ব্যবস্থা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

রেলওয়ে পরিবহন ব্যবস্থা আধুনিকায়নের মাধ্যমে দেশব্যাপী নিরাপদ, সাশ্রয়ী, দক্ষ ও পরিবেশবান্ধব রেলওয়ে নেটওয়ার্ক গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. রেলওয়ের অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ;
২. দক্ষ, উন্নত এবং নিরাপদ রেল সেবা প্রদান;
৩. রোলিং স্টক সংগ্রহ ও উন্নয়ন;
৪. রাজস্ব আয় বৃদ্ধিকরণ এবং
৫. আইনি কাঠামো শক্তিশালীকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণ করা;
২. বাংলাদেশ রেলওয়ে সংক্রান্ত নীতি/কৌশল নির্ধারণ করা;
৩. রেলওয়ে পরিবহন ক্ষেত্রে পরিবীক্ষণ, পর্যবেক্ষণ ও জরিপ করা;
৪. রেলওয়ে পরিবহনে সহযোগিতার উন্নয়ন এবং পরিবহন ব্যবস্থাপনার উন্নয়ন;
৫. আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থার প্রবর্তন ও সম্প্রসারণ;
৬. বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন এবং রাজস্ব বাজেট সম্পর্কিত বিষয়াদি;
৭. নিরাপত্তা সূচক নির্ধারণ ও প্রণয়ন এবং
৮. মন্ত্রণালয়ের যে কোন বিষয় সম্পর্কিত অনুসন্ধান ও পরিসংখ্যান।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| টাইম সিডিউল বিচ্যুতি হ্রাস | বিচ্যুতির হার | % | ২৫ | ২০ | ১৫ | ১৪ | ১৩ | বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন, রেলপথ মন্ত্রণালয় |
| বাৎসরিক যাত্রী পরিবহণ বৃদ্ধি | বৃদ্ধির হার | % | ১.৬৯ | ৭.৮৬ | ৮.৬৩ | ৯.৪০ | ১০.১৭ | বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন, রেলপথ মন্ত্রণালয় |
| বাৎসরিক মালামাল পরিবহণ বৃদ্ধি | বৃদ্ধির হার | % | ৪.৭৬ | ৯.৫২ | ১০.৭১ | ১১.৯০ | ১৪.২৯ | বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন, রেলপথ মন্ত্রণালয় |
| রাজস্ব আয় বর্ধিত | বৃদ্ধির হার | % | ৫.৬৮ | ৭.৪৩ | ১০.৩৩ | ১২.১৭ | ১৩.৯৫ | বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন, রেলপথ মন্ত্রণালয় |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] রেলওয়ের অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ; | ২৪ | [১.১] বিদ্যমান রেলপথ রক্ষণাবেক্ষণ। | [১.১.১] রক্ষণাবেক্ষণকৃত রেলপথ। | কিঃমিঃ | ২.৫০ | ২৫০০ | ২৬০০ | ২৫২০ | ২৫১০ | ২৫০০ | ২৪৯৫ | ২৪৯০ | ২৫৩৭ | ২৫৫০ |
| | | [১.২] বিদ্যমান রেলসেতু রক্ষণাবেক্ষণ। | [১.২.১] রক্ষণাবেক্ষণকৃত রেলসেতু। | সংখ্যা | ২.৫০ | ২০০ | ৪২০ | ৪৫৫ | ৪৫০ | ৪৪৫ | ৪৪০ | ৪৩৫ | ৫০০ | ৫০৫ |
| | | [১.৩] বিদ্যমান রেলপথ পুনর্বাসন। | [১.৩.১] পুনর্বাসনকৃত রেলপথ। | কিঃমিঃ | ২.৫০ | ৩০ | ৭৬ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ১৫ | ২০ | ২২ |
| | | [১.৪] বিদ্যমান রেলসেতু পুন:নির্মাণ। | [১.৪.১] পুন: নির্মিত রেলসেতু। | সংখ্যা | ২.৫০ | ১৭ | ৫৮ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ৩২ | ৩৪ |
| | | [১.৫] বিদ্যমান স্টেশন বিল্ডিং রক্ষণাবেক্ষণ। | [১.৫.১] রক্ষণাবেক্ষণকৃত স্টেশন বিল্ডিং। | সংখ্যা | ২.৫০ | ১০ | ৫০ | ৪৯ | ৪৮ | ৪৬ | ৪৪ | ৪২ | ৫১ | ৫৩ |
| | | [১.৬] নতুন রেলপথ নির্মাণ। | [১.৬.১] নতুন নির্মিত রেলপথ। | কিঃমিঃ | ২.৫০ | ৮০ | ৩৫ | ৬০ | ৫৭ | ৫৫ | ৫২ | ৫০ | ৭৫ | ৮০ |
| | | [১.৭] বিদ্যমান স্টেশন বিল্ডিং পুন:নির্মাণ। | [১.৭.১] পুন: নির্মিত স্টেশন বিল্ডিং। | সংখ্যা | ১.৫০ | ১০ | ২০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১২ | ১৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৮] নতুন রেলসেতু নির্মাণ। | [১.৮.১] নতুন নির্মিত রেলসেতু। | সংখ্যা | ১.৫০ | ৮০ | ৩৫ | ৬০ | ৫৭ | ৫৫ | ৫২ | ৫০ | ৭৫ | ৮০ |
| | | [১.৯] নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ। | [১.৯.১] নতুন নির্মিত স্টেশন বিল্ডিং। | সংখ্যা | ১.০০ | ১ | ৫ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৪ | ১৬ |
| | | [১.১০] সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ন। | [১.১০.১] আধুনিকায়নকৃত সিগন্যালিং ব্যবস্থা। | সংখ্যা | ১.০০ | ১৩ | ১৮ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১৫ | ১৬ |
| | | [১.১১] পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকীকরণ। | [১.১১.১] ওয়ার্কসপ আধুনিকায়ণের অগ্রগতি। | % | ১.০০ | ১ | ৪০ | ৭০ | ৬৭ | ৬৫ | ৬৩ | ৬২ | ১০০ | ০ |
| | | [১.১২] বিদ্যমান লেভেল ক্রসিং গেইটসমূহের রক্ষণাবেক্ষণ। | [১.১২.১] রক্ষণাবেক্ষণকৃত লেভেল ক্রসিং গেইট। | সংখ্যা | ১.০০ | ৫৫০ | ৬০০ | ৫১০ | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৫১২ | ৫৪৫ |
| | | [১.১৩] লেভেল ক্রসিং গেইট নতুন নির্মাণ/পুনর্বাসন। | [১.১৩.১] পুনর্বাসনকৃত লেভেল ক্রসিং গেইট। | সংখ্যা | ১.০০ | ০ | ০ | ৬৫ | ৬২ | ৫৭ | ৫৫ | ৫২ | ৬৯ | ৭৫ |
| | | [১.১৪] আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থার প্রবর্তন ও সম্প্রসারণ। | [১.১৪.১] নবনির্মিত/পুনঃস্থাপনকৃত রেলপথ। | কিঃমিঃ | ১.০০ | ০ | ০ | ৫ | ৪ | ৩ | ২ | ১.৫ | ৫ | ৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] রোলিং স্টক সংগ্রহ ও উন্নয়ন; | ২০ | [২.১] বিজি ও এমজি ক্যারেজ রক্ষণাবেক্ষণ। | [২.১.১] রক্ষণাবেক্ষণকৃত বিজি ও এমজি ক্যারেজ। | সংখ্যা | ৪.৫০ | ৫৯০ | ৬৩৪ | ৬০০ | ৫৮০ | ৫৭০ | ৫৬০ | ৫৫০ | ৬০৫ | ৬১০ |
| | | [২.২] বিজি ও এমজি লোকোমোটিভ রক্ষণাবেক্ষণ। | [২.২.১] রক্ষণাবেক্ষণকৃত বিজি ও এমজি লোকোমোটিভ। | সংখ্যা | ৪.৫০ | ৫৪৮ | ৫০০ | ৫০০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৪৫০ | ৫০৫ | ৫১০ |
| | | [২.৩] ওয়াগন রক্ষণাবেক্ষণ। | [২.৩.১] রক্ষণাবেক্ষণকৃত ওয়াগন। | সংখ্যা | ৩.০০ | ৭০০ | ৭৬০ | ৭১০ | ৭০০ | ৬৯০ | ৬৭৫ | ৬৬০ | ৭১৫ | ৭২০ |
| | | [২.৪] ২২০ টি বিজি এবং ৩০০টি এমজি কোচ ক্রয়। | [২.৪.১] ক্রয়কৃত ১৭০ টি বিজি এবং ১০০ টি এমজি যাত্রীবাহী কোচ। | সংখ্যা | ৩.০০ | ১০০ | ১১৯ | ১৫১ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১৫ | ০ | ০ |
| | | | [২.৪.২] ৫০ টি বিজি ও ২০০ টি এমজি যাত্রীবাহী কোচ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষর। | তারিখ | ২.০০ | ০ | ০ | ৩০-০৫-২০১৭ | ১০-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ০ | ০ |
| | | [২.৫] নতুন ৮০ টি এমজি লোকোমোটিভ ক্রয়। | [২.৫.১] ১০ টি এমজি লোকোমোটিভ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষর। | তারিখ | ২.০০ | ০ | ০ | ৩০-০৫-২০১৭ | ১০-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ০ | ০ |
| | | | [২.৫.২] ৭০ টি এমজি লোকোমোটিভ ক্রয়ের প্রস্তাব সিসিজিপি'তে প্রেরণ। | তারিখ | ১.০০ | ০ | | ২৫-০৬-২০১৭ | ২৭-০৬-২০১৭ | ২৮-০৬-২০১৭ | ২৯-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষ, উন্নত এবং নিরাপদ রেল সেবা প্রদান; | ২০ | [৩.১] রেলওয়ে টাইম টেবিল পরিপালন। | [৩.১.১] পরিপালনের হার। | % | ২.০০ | ৭৫ | ৮০ | ৮৫ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮১ | ৮৬ | ৮৭ |
| | | [৩.২] যাত্রী পরিবহন। | [৩.২.১] যাত্রী সংখ্যা। | সংখ্যা (কোটি) | ২.০০ | ৬.৬ | ৭ | ৭.০৫ | ৭.০৪ | ৭.০৩ | ৭.০২ | ৭.০১ | ৭.১ | ৭.১৫ |
| | | [৩.৩] মালামাল পরিবহন। | [৩.৩.১] মালামাল পরিবহনের পরিমান। | লক্ষ মেঃ টন | ২.০০ | ২২ | ২৩ | ২৩.২৫ | ২২.৫ | ২১.৫ | ২০.৫ | ১৯.৫ | ২৩.৫ | ২৪ |
| | | [৩.৪] জিআইবিআর কর্তৃক রেলপথ পরিদর্শন। | [৩.৪.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ২.০০ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [৩.৫] জিআইবিআর কর্তৃক রোলিং স্টক পরিদর্শন। | [৩.৫.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ১০২ | ১১০ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ৮৫ | ১২৫ | ১৩০ |
| | | [৩.৬] বাংলাদেশ রেলওয়ের যন্ত্রকৌশল দপ্তর কর্তৃক রোলিং স্টক পরিদর্শন। | [৩.৬.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ১১৫ | ১২০ |
| | | [৩.৭] বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল দপ্তর কর্তৃক রেলপথ পরিদর্শন। | [৩.৭.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ৫২৫ | ৫৫০ | ৬১০ | ৬০০ | ৫৯০ | ৫৮০ | ৫৭৫ | ৬২০ | ৬২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.৮] জিআইবিআর কর্তৃক রেলওয়ে সেতু পরিদর্শন। | [৩.৮.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ২২ | ২৪ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ৩০ | ৩২ |
| | | [৩.৯] বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল দপ্তর কর্তৃক রেলওয়ে সেতু পরিদর্শন। | [৩.৯.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ২২৫ | ২৫০ | ২৬৮ | ২৬০ | ২৫৫ | ২৫০ | ২৪৫ | ২৯৫ | ৩০৫ |
| | | [৩.১০] বাংলাদেশ রেলওয়ের পরিবহন দপ্তর কর্তৃক যাত্রীবাহী ট্রেন পরিদর্শন। | [৩.১০.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ৪৫০০ | ৫০০০ | ৫০৫০ | ৪৮৫০ | ৪৭৫০ | ৪৬৫০ | ৪৫৫০ | ৫১০০ | ৫২০০ |
| | | [৩.১১] বাংলাদেশ রেলওয়ের পরিবহন দপ্তর কর্তৃক স্টেশন পরিদর্শন। | [৩.১১.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ৭৫০ | ৮০০ | ৮১০ | ৭৮৫ | ৭৬০ | ৭৩৫ | ৭১০ | ৮২০ | ৮৩০ |
| | | [৩.১২] মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন | [৩.১২.১] পরিদর্শন সংখ্যা। | সংখ্যা | ১.৫০ | ১০ | ১২ | ১৫ | ১৩ | ১২ | ১১ | ১০ | ২০ | ৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] রাজস্ব আয় বৃদ্ধিকরণ এবং | ১২ | [৪.১] যাত্রী থেকে আয়। | [৪.১.১] রাজস্বের পরিমাণ। | টাকা (কোটি) | ৪.০০ | ৫২৫ | ৫৩৫ | ৫৫০ | ৫৪৫ | ৫৪২ | ৫৪০ | ৫৩৫ | ৫৬০ | ৫৭০ |
| | | [৪.২] মালামাল/পার্সেল পরিবহন থেকে আয়। | [৪.২.১] রাজস্বের পরিমাণ। | টাকা (কোটি) | ৪.০০ | ১৭২ | ১৭৬ | ১৭৮ | ১৭৭.৫ | ১৭৭ | ১৭৬.৫ | ১৭৬ | ১৮০ | ১৮২ |
| | | [৪.৩] ভূমি থেকে রাজস্ব আয়। | [৪.৩.১] রাজস্বের পরিমাণ। | টাকা (কোটি) | ২.০০ | ৩৮.২৮ | ৪০ | ৪২ | ৪১ | ৪০.৭৫ | ৪০.৫ | ৪০ | ৪৫ | ৪৭ |
| | | [৪.৪] অন্যান্য উৎস থেকে আয়। | [৪.৪.১] রাজস্বের পরিমাণ। | টাকা (কোটি) | ২.০০ | ১৫৬ | ১৬০ | ১৬০.৫ | ১৫৯.৮ | ১৫৯.৫ | ১৫৯ | ১৫৮ | ১৬১ | ১৬২ |
| [৫] আইনি কাঠামো শক্তিশালীকরণ। | ৪ | [৫.১] রেলওয়ে সংক্রান্ত ১টি আইন প্রণয়ন/সংশোধন। | [৫.১.১] নির্ধারিত তারিখের মধ্যে আইন প্রণয়ন/ সংশোধনের জন্য জাতীয় সংসদে প্রেরণ | তারিখ | ২.০০ | ০ | ০ | ৩০-০৫-২০১৭ | ১০-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ০ | ০ |
| | | [৫.২] বাংলাদেশ রেলওয়ের ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সংশোধিত নীতিমালা প্রণয়ন | [৫.২.১] নির্ধারিত তারিখের মধ্যে নীতিমালা প্রণয়ন | তারিখ | ২.০০ | ০ | ০ | ৩০-০৫-২০১৭ | ১০-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, রেলপথ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, রেলপথ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব
রেলপথ মন্ত্রণালয়

08.08.2016
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

০৪.০৮.২০১৬
তারিখ



মুদ্রণ তারিখ: সোমবার, আগস্ট ০১, ২০১৬

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিজি | ব্রডগেজ |
| ২ | এমজি | মিটারগেজ |
| ৩ | জিআইবিআর | গভর্নমেন্ট ইন্সপেক্টর অব বাংলাদেশ রেলওয়ে |
| ৪ | ডিজি | ডুয়াল গেজ |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বিদ্যমান রেলপথ রক্ষণাবেক্ষণ। | [১.১.১] রক্ষণাবেক্ষণকৃত রেলপথ। | বাংলাদেশ রেলওয়ে ৪০৮১.৯৫ কি:মি: বিদ্যমান রেলপথের মধ্যে ২৫২০ কি:মি: রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত রেলপথ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] বিদ্যমান রেলসেতু রক্ষণাবেক্ষণ। | [১.২.১] রক্ষণাবেক্ষণকৃত রেলসেতু। | বাংলাদেশ রেলওয়ে ৪৫৫ টি বিদ্যমান ক্ষতিগ্রস্থ ও পরিত্যাক্ত রেলসেতু রক্ষণাবেক্ষণ করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত রেলসেতু পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] বিদ্যমান রেলপথ পুনর্বাসন। | [১.৩.১] পুনর্বাসনকৃত রেলপথ। | বাংলাদেশ রেলওয়ে ১৯ কি:মি: বিদ্যমান ক্ষতিগ্রস্থ ও পরিত্যাক্ত রেললাইন পুন: নির্মাণ করবে | বাংলাদেশ রেলওয়ে | পুনর্বাসনকৃত রেলপথ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] বিদ্যমান রেলসেতু পুন:নির্মাণ। | [১.৪.১] পুন: নির্মিত রেলসেতু। | বাংলাদেশ রেলওয়ে ২২ টি বিদ্যমান ক্ষতিগ্রস্থ ও পরিত্যাক্ত রেলসেতু পুন: নির্মাণ করবে | বাংলাদেশ রেলওয়ে | পুন: নির্মিত রেলসেতু পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] বিদ্যমান স্টেশন বিল্ডিং রক্ষণাবেক্ষণ। | [১.৫.১] রক্ষণাবেক্ষণকৃত স্টেশন বিল্ডিং। | বাংলাদেশ রেলওয়ে ৪৯ টি বিদ্যমান স্টেশন বিল্ডিং রক্ষণাবেক্ষণ করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত স্টেশন বিল্ডিং পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] নতুন রেলপথ নির্মাণ। | [১.৬.১] নতুন নির্মিত রেলপথ। | সংশ্লিষ্ট বছরে নতুন নির্মিত রেলপথের পরিমান (৪৫ কি:মি:) যা বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নির্মিত হবে। | বাংলাদেশ রেলওয়ে | নতুন নির্মিত রেলপথ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] বিদ্যমান স্টেশন বিল্ডিং পুন:নির্মাণ। | [১.৭.১] পুন: নির্মিত স্টেশন বিল্ডিং। | বাংলাদেশ রেলওয়ে ৯ টি বিদ্যমান ক্ষতিগ্রস্থ ও পরিত্যাক্ত স্টেশন বিল্ডিং পুন: নির্মাণ করবে | বাংলাদেশ রেলওয়ে | পুন: নির্মিত স্টেশন বিল্ডিং পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] নতুন রেলসেতু নির্মাণ। | [১.৮.১] নতুন নির্মিত রেলসেতু। | বাংলাদেশ রেলওয়ে ৬০ টি নতুন রেলসেতু নির্মাণ করবে | বাংলাদেশ রেলওয়ে | নতুন নির্মিত রেলসেতু পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ। | [১.৯.১] নতুন নির্মিত স্টেশন বিল্ডিং। | বাংলাদেশ রেলওয়ে ১২ টি নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ করবে | বাংলাদেশ রেলওয়ে | নতুন নির্মিত স্টেশন বিল্ডিং পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১০] সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ন। | [১.১০.১] আধুনিকায়নকৃত সিগন্যালিং ব্যবস্থা। | বাংলাদেশ রেলওয়ে ১১ টি সিগন্যালিং ব্যবস্থা আধুনিকায়নের ব্যবস্থা করবে | বাংলাদেশ রেলওয়ে | আধুনিকায়নকৃত সিগন্যালিং ব্যবস্থা পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১১] পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকীকরণ। | [১.১১.১] ওয়ার্কসপ আধুনিকায়ণের অগ্রগতি। | বাংলাদেশ রেলওয়ে পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকায়নের ৭০% ভৌত কাজ করবে | বাংলাদেশ রেলওয়ে | পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকায়নের ভৌত অগ্রগতি পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১২] বিদ্যমান লেভেল ক্রসিং গেইটসমূহের রক্ষণাবেক্ষণ। | [১.১২.১] রক্ষণাবেক্ষণকৃত লেভেল ক্রসিং গেইট। | বাংলাদেশ রেলওয়ে বিদ্যমান ৫১০টি লেভেল ক্রসিং গেইট বাস্তবায়নের ব্যবস্থা করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত লেভেল ক্রসিং গেইট পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৩] লেভেল ক্রসিং গেইট নতুন নির্মাণ/পুনর্বাসন। | [১.১৩.১] পুনর্বাসনকৃত লেভেল ক্রসিং গেইট। | বাংলাদেশ রেলওয়ে ৬৫ টি লেভেল ক্রসিং গেইট পুনর্বাসন করবে | বাংলাদেশ রেলওয়ে | পুনর্বাসনকৃত লেভেল ক্রসিং গেইট পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১৪] আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থার প্রবর্তন ও সম্প্রসারণ। | [১.১৪.১] নবনির্মিত/পুনঃস্থাপনকৃত রেলপথ। | বাংলাদেশ রেলওয়ে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রুটে নতুন রেলপথ নির্মাণএর ব্যবস্থা গ্রহণ করবে | বাংলাদেশ রেলওয়ে | নতুন নির্মিত রেলপথ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] বিজি ও এমজি ক্যারেজ রক্ষণাবেক্ষণ। | [২.১.১] রক্ষণাবেক্ষণকৃত বিজি ও এমজি ক্যারেজ। | বাংলাদেশ রেলওয়ে ৬০০ টি বিজি ও এমজি ক্যারেজ রক্ষণাবেক্ষণ/পুনর্বাসনের ব্যবস্থা করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত বিজি ও এমজি ক্যারেজ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] বিজি ও এমজি লোকোমোটিভ রক্ষণাবেক্ষণ। | [২.২.১] রক্ষণাবেক্ষণকৃত বিজি ও এমজি লোকোমোটিভ। | বাংলাদেশ রেলওয়ে ৫০০ টি বিজি ও এমজি লোকোমোটিভ রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত বিজি ও এমজি লোকোমোটিভ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] ওয়াগন রক্ষণাবেক্ষণ। | [২.৩.১] রক্ষণাবেক্ষণকৃত ওয়াগন। | বাংলাদেশ রেলওয়ে ওয়াগনসমূহ রক্ষণাবেক্ষণ করবে | বাংলাদেশ রেলওয়ে | রক্ষণাবেক্ষণকৃত ওয়াগন পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] ২২০ টি বিজি এবং ৩০০টি এমজি কোচ ক্রয়। | [২.৪.১] ক্রয়কৃত ১৭০ টি বিজি এবং ১০০ টি এমজি যাত্রীবাহী কোচ। | বাংলাদেশ রেলওয়ে বিজি ও এমজি যাত্রীবাহী কোচ ক্রয় করবে | বাংলাদেশ রেলওয়ে | সরবরাহকারী প্রতিষ্ঠান হতে বিজি ও এমজি যাত্রীবাহী কোচ প্রাপ্তি | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.২] ৫০ টি বিজি ও ২০০ টি এমজি যাত্রীবাহী কোচ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষর। | বাংলাদেশ রেলওয়ে বর্ণিত বিজি ও এমজি যাত্রীবাহী কোচ ক্রয়ের চুক্তিপত্র ৩০ মে'২০১৭ নাগাদ স্বাক্ষর করবে | বাংলাদেশ রেলওয়ে | সিসিজিপি কর্তৃক কোচ ক্রয়ের দরপত্র নিস্পত্তি প্রতিবেদন অনুমোদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] নতুন ৮০ টি এমজি লোকোমোটিভ ক্রয়। | [২.৫.১] ১০ টি এমজি লোকোমোটিভ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষর। | বাংলাদেশ রেলওয়ে বর্ণিত বিজি ও এমজি যাত্রীবাহী কোচ ক্রয়ের চুক্তিপত্র ৩০ মে'২০১৭ নাগাদ স্বাক্ষর করবে | বাংলাদেশ রেলওয়ে | সিসিজিপি কর্তৃক কোচ ক্রয়ের দরপত্র নিস্পত্তি প্রতিবেদন অনুমোদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৫.২] ৭০ টি এমজি লোকোমোটিভ ক্রয়ের প্রস্তাব সিসিজিপি'তে প্রেরণ। | ক্রয় প্রস্তাব ২৫ জুন'২০১৭ নাগাদ সিসিজিপি'তে প্রেরণ করা হবে | বাংলাদেশ রেলওয়ে | ক্রয় প্রস্তাব সিসিজিপি'তে প্রেরণ এবং সংগ্রহ শাখার প্রতিবেদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] রেলওয়ে টাইম টেবিল পরিপালন। | [৩.১.১] পরিপালনের হার। | বাংলাদেশ রেলওয়ে অনুমোদিত টাইম টেবিল অনুযায়ী ট্রেন পরিচালনায় ৮৫% সময়ানুবর্তিতা অর্জন করতে সচেষ্ট হবে | বাংলাদেশ রেলওয়ে | ট্রেন পরিচালনায় অর্জিত সময়ানুবর্তিতার হার | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] যাত্রী পরিবহন। | [৩.২.১] যাত্রী সংখ্যা। | বাংলাদেশ রেলওয়ে ৭.০৫ কোটি যাত্রী পরিবহন করবে | বাংলাদেশ রেলওয়ে | যাত্রী পরিবহন বিষয়ক প্রতিবেদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] মালামাল পরিবহন। | [৩.৩.১] মালামাল পরিবহনের পরিমান। | বাংলাদেশ রেলওয়ে ২৩.২৫ লক্ষ মে.টন মালামাল পরিবহন করবে | বাংলাদেশ রেলওয়ে | বাংলাদেশ রেলওয়ে কর্তৃক মালামাল পরিবহনের পরিমান | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] জিআইবিআর কর্তৃক রেলপথ পরিদর্শন। | [৩.৪.১] পরিদর্শন সংখ্যা। | জিআইবিআর রেলপথ পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | জিআইবিআর কর্তৃক রেলপথ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৫] জিআইবিআর কর্তৃক রোলিং স্টক পরিদর্শন। | [৩.৫.১] পরিদর্শন সংখ্যা। | জিআইবিআর রোলিং স্টক পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | জিআইবিআর কর্তৃক রোলিং স্টক পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৬] বাংলাদেশ রেলওয়ের যন্ত্রকৌশল দপ্তর কর্তৃক রোলিং স্টক পরিদর্শন। | [৩.৬.১] পরিদর্শন সংখ্যা। | যন্ত্রকৌশল দপ্তর রোলিং স্টক পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | যন্ত্রকৌশল বিভাগ কর্তৃক রোলিং স্টক পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৭] বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল দপ্তর কর্তৃক রেলপথ পরিদর্শন। | [৩.৭.১] পরিদর্শন সংখ্যা। | বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল দপ্তর রেলপথ পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | প্রকৌশল বিভাগ কর্তৃক রেলপথ পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৮] জিআইবিআর কর্তৃক রেলওয়ে সেতু পরিদর্শন। | [৩.৮.১] পরিদর্শন সংখ্যা। | জিআইবিআর রেলওয়ে সেতু পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | জিআইবিআর কর্তৃক রেলওয়ে সেতু পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৯] বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল দপ্তর কর্তৃক রেলওয়ে সেতু পরিদর্শন। | [৩.৯.১] পরিদর্শন সংখ্যা। | বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল দপ্তর রেলওয়ে সেতু পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | প্রকৌশল বিভাগ কর্তৃক রেলওয়ে সেতু পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১০] বাংলাদেশ রেলওয়ের পরিবহন দপ্তর কর্তৃক যাত্রীবাহী ট্রেন পরিদর্শন। | [৩.১০.১] পরিদর্শন সংখ্যা। | বাংলাদেশ রেলওয়ের পরিবহন দপ্তর যাত্রীবাহী ট্রেন পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন বিভাগ কর্তৃক যাত্রীবাহী ট্রেন পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১১] বাংলাদেশ রেলওয়ের পরিবহন দপ্তর কর্তৃক স্টেশন পরিদর্শন। | [৩.১১.১] পরিদর্শন সংখ্যা। | বাংলাদেশ রেলওয়ের পরিবহন দপ্তর স্টেশন পরিদর্শন করবে | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন বিভাগ কর্তৃক স্টেশন পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১২] মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন | [৩.১২.১] পরিদর্শন সংখ্যা। | রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয় | রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক রেলওয়ের বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] যাত্রী থেকে আয়। | [৪.১.১] রাজস্বের পরিমাণ। | বাংলাদেশ রেলওয়ের যাত্রী পরিবহনের দ্বারা রাজস্ব আয়ের পরিমাণ | বাংলাদেশ রেলওয়ে | যাত্রী পরিবহনে রাজস্ব আয়ের প্রতিবেদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] মালামাল/পার্সেল পরিবহন থেকে আয়। | [৪.২.১] রাজস্বের পরিমাণ। | বাংলাদেশ রেলওয়ের মালামাল/পার্সেল পরিবহনে রাজস্ব আয়ের পরিমাণ | বাংলাদেশ রেলওয়ে | মালামাল/পার্সেল পরিবহনে রাজস্ব আয়ের প্রতিবেদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] ভূমি থেকে রাজস্ব আয়। | [৪.৩.১] রাজস্বের পরিমাণ। | বাংলদেশ রেলওয়ের ভূমি থেকে রাজস্ব আয়ের পরিমাণ | বাংলাদেশ রেলওয়ে | ভূমি থেকে রাজস্ব আয়ের প্রতিবেদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৪] অন্যান্য উৎস থেকে আয়। | [৪.৪.১] রাজস্বের পরিমাণ। | বাংলাদেশ রেলওয়ের অন্যান্য খাত থেকে রাজস্ব আয়ের পরিমাণ | বাংলাদেশ রেলওয়ে | অন্যান্য খাত থেকে রাজস্ব আয়ের প্রতিবেদন | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] রেলওয়ে সংক্রান্ত ১টি আইন প্রণয়ন/সংশোধন । | [৫.১.১] নির্ধারিত তারিখের মধ্যে আইন প্রণয়ন/ সংশোধনের জন্য জাতীয় সংসদে প্রেরণ | রেলপথ মন্ত্রণালয় বাংলাদেশ রেলওয়ের ০১টি আইন প্রণয়ন/সংশোধনের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পাদনপূর্বক জাতীয় সংসদে প্রেরণ করবে | রেলপথ মন্ত্রণালয় | আইন প্রণয়ন/সংশোধনের জন্য সম্পাদনকৃত পদক্ষেপ | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] বাংলাদেশ রেলওয়ের ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সংশোধিত নীতিমালা প্রণয়ন | [৫.২.১] নির্ধারিত তারিখের মধ্যে নীতিমালা প্রণয়ন | রেলপথ মন্ত্রণালয় বর্নিত নীতিমালাটি প্রণয়নের কাজ সম্পাদন করবে | রেলপথ মন্ত্রণালয় | নীতিমালাটি প্রণয়নের নিমিত্ত সম্পাদনকৃত পদক্ষেপ | রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | নতুন নির্মিত রেলসেতু।,নতুন নির্মিত স্টেশন বিল্ডিং। ,রাজস্বের পরিমাণ। ,নতুন নির্মিত রেলপথ। | ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভূমি অধিগ্রহণ | যথাযথ ভূমি অধিগ্রহণের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন | রেল সম্প্রসারণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ব্যহত হবে |